তারিখ 19 AUG 2016
পৃষ্ঠা ৩ ... কলাম ৬

যুগান্তর

# কারিগরি শিক্ষা বোর্ডে পাসের হার কমেছে

## জিপিএ-৫-এ এবারও এগিয়ে মেয়েরা

যুগান্তর রিপোর্ট

কারিগরি শিক্ষা বোর্ডের পাসের হার ও জিপিএ-৫ গত বছরের তুলনায় কমেছে। ২০১৬ সালের ফলাফলে দেখা যায়, পাসের হার ৮৪ দশমিক ৫৭ শতাংশ। গত বছর যা ছিল ৮৫ দশমিক ৫৮ এবং ২০১৪ সালে এ হার ছিল ৮৫ দশমিক ০২ শতাংশ। এ ছাড়া এ বছর জিপিএ-৫ পেয়েছে ৬ হাজার ৫৮৭ জন। গত বছর এ সংখ্যা ছিল ৬ হাজার ৪৩০। সংখ্যার দিক থেকে গত বছরের তুলনায় জিপিএ-৫ বাড়লেও গত বছর জিপিএ-৫ প্রাপ্তির হার ৬ দশমিক ৫৪ শতাংশ। এ বছর এ হার ৬ দশমিক ৪৪ শতাংশে নেমেছে। জিপিএ-৫-এ এবারও এগিয়ে মেয়েরা।

কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে ২০১৬

■ পৃষ্ঠা ৭ : কলাম ৪

# কারিগরি শিক্ষা বোর্ডে পাসের হার কমেছে

(৩য় পৃষ্ঠার পর)

সালে এইচএসসি ব্যবসায় ব্যবস্থাপনা, এইচএসসি ভোকেশনাল এবং ডিপ্লোমা-ইন-কমার্স শিক্ষাক্রমে সারা দেশে মোট এক হাজার ৬৭৫টি ইন্সটিটিউট থেকে মোট এক লাখ দুই হাজার ২৪৮ জন শিক্ষার্থী চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করে। এর মধ্যে পাস করেছে ৮৬ হাজার ৪৬৯ জন। তাদের মধ্যে ৭২ হাজার ২৩১ জন ছাত্র এবং ৩ হাজার ১৭ জন ছাত্রী। গত বছর কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে ৯৮ হাজার ২৯৬ পরীক্ষার্থী অংশগ্রহণ করে। যার মধ্যে পাস করেছে ৮৪ হাজার ১২৫ জন। পাসের হার ৮৫ দশমিক ৫৮ শতাংশ।

চলতি বছর এক লাখ দুই হাজার ২৪৮ জন শিক্ষার্থী চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করে। পাস করেছে ৮৬ হাজার ৪৬৯ জন। এর মধ্যে এইচএসসি ব্যবসায় ব্যবস্থাপনায় ৯২ হাজার ৯৪০ জন শিক্ষার্থী অংশগ্রহণ করে। পাস করেছে ৮০ হাজার ২০৫ জন। পাসের হার ৮৬ দশমিক ৩০ শতাংশ। এইচএসসি ভোকেশনাল পরীক্ষায় অংশগ্রহণ করেছে ৯ হাজার ১৭ জন। এর মধ্যে পাস করেছে ৫৮ হাজার ৯৮৭ জন, পাসের হার ৬৬ দশমিক ৪০ শতাংশ। এ ছাড়া ডিপ্লোমা ইন কমার্স পাঠ্যক্রমে মোট ২৯১ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করে। এর মধ্যে পাস করেছে ২৭৭ জন। পাসের হার ৯৫ দশমিক ১৯ শতাংশ।

প্রাপ্ত ফলাফল অনুযায়ী, ২০১৩ সালে কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে পাসের হার ছিল ৮৫ দশমিক ০৩, ২০১৪ সালে ৮৫ দশমিক ০২, ২০১৫ সালে ৮৫ দশমিক ৫৮ এবং ২০১৬ সালে ৮৪ দশমিক ৫৭ শতাংশ। এ ছাড়া বিগত বছরের মতো এবারও জিপিএ-৫-এ এগিয়ে আছে মেয়েরা। এবারের পরীক্ষায় মেয়েদের মধ্যে জিপিএ-৫ পেয়েছে ১১ দশমিক ১৭ শতাংশ এবং ছেলেদের মধ্যে ৪ দশমিক ৪৮ শতাংশ।

বিগত ৩ বছরের পরিসংখ্যানে দেখা যায়, ২০১৪ সালে অসদুপায় অবলম্বনের দায়ে বহিষ্কার করা হয় ১৪৮ জনকে, ২০১৫ সালে ২১৮ জনকে এবং ২০১৬ সালে ২১২ জনকে। এ ছাড়া এক হাজার ৬৭৫টি প্রতিষ্ঠানের মধ্যে এ বছর শতভাগ পাস করা প্রতিষ্ঠানের সংখ্যা ১৫৮। ২০১৫ সালে এ সংখ্যা ছিল ১৮৩টি। শতভাগ পাস করা প্রতিষ্ঠানের সংখ্যা কমলেও শূন্য পাসের হার কোনো প্রতিষ্ঠান নেই।